1.T

রেজিস্ট্রার দপ্তর
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ
ফোন : (৮৮০-২) ৯৫৩৪২৫৫
ফ্যাক্স : (৮৮০-২) ৪৭১১৮৪৪৯

জবি/প্রশা-১(৬০৩)/২০১৫/ ২০২

তারিখঃ ২২ জানুয়ারি, ২০২৩

সাময়িক মঞ্জুরী আদেশ

প্রাপক : জনাব মোহাম্মদ ওমর ফারুক
সহকারী অধ্যাপক
পিতা- মোহাম্মদ আব্দুর রশিদ, মাতা- ফাতেমা বেগম
ইসলামিক স্টাডিজ বিভাগ
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

বিষয় : পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর শিক্ষক/কর্মচারীদের ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহনির্মাণ ঋণ প্রদান নীতিমালার আওতায় সহকারী অধ্যাপক জনাব মোহাম্মদ ওমর ফারুক, ইসলামিক স্টাডিজ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা-এর অনুকূলে সূচি মোতাবেক গৃহনির্মাণ ঋণ প্রদানে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সম্মতি এবং সরকার প্রদত্ত সুদ ভর্তুকি প্রদানের সাময়িক মঞ্জুরী আদেশ।

বিশ্ববিদ্যালয়ের কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহনির্মাণ ঋণ প্রদানের লক্ষ্যে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ২৬-১২-২০১৯ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.২০৬.৯৯.০০৭.১৯-৫৩২ নম্বর পরিপত্র অনুযায়ী বাস্তবায়ন কারী প্রতিষ্ঠান অগ্রণী ব্যাংক লিঃ তাদের ১৪/১২/২০২২ খ্রি. তারিখের আকা-ঢাদঅ/ঋবি/পাঃবিঃগৃঃনিঃঋণ/ন-১১৫৮/১৯৬/২০২২ নং স্মারকে প্রস্তাবিত ঋণ গ্রহীতা সহকারী অধ্যাপক জনাব মোহাম্মদ ওমর ফারুক-এর অনুকূলে শর্ত সাপেক্ষে ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকা ঋণ প্রদানের জন্য সাময়িক মঞ্জুরী জ্ঞাপন করা হলো।

<table>
<tr><td>প্রস্তাবিত ঋণ গ্রহীতার নাম (NIDসহ)</td><td colspan="3">জনাব মোহাম্মদ ওমর ফারুক, সহকারী অধ্যাপক, NID নং ১৯৮৫১৯১৩৩৫৮৩০৮৯৪৯</td></tr>
<tr><td>বাস্তবায়ন কারী প্রতিষ্ঠান</td><td colspan="3">অগ্রণী ব্যাংক লিমিটেড, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা, ঢাকা
হিসাব নম্বর : ০২০০০০৪২১১৮৫৭, রাউটিং নং- ০১০২৭৩১০৬</td></tr>
<tr><td>প্রস্তাবিত ঋণের পরিমাণ</td><td colspan="3">৪০,০০,০০০.০০ (চল্লিশ লক্ষ)</td></tr>
<tr><td>ঋণ আবেদনের কারণ</td><td>☑ফ্ল্যাট ক্রয়</td><td>☐বাড়ি নির্মাণ</td><td>☐জমি ক্রয়সহ বাড়ি নির্মাণ</td></tr>
<tr><td>প্রস্তাবিত ঋণের ধরণ</td><td>☑ একক</td><td>☐গ্রুপ ভিত্তিক</td><td></td></tr>
<tr><td>মাসিক সুদ ভর্তুকির পরিমাণ</td><td colspan="3">সংযুক্ত সিডিউল মোতাবেক</td></tr>
<tr><td>মোট সুদ ভর্তুকির পরিমাণ</td><td colspan="3">সংযুক্ত সিডিউল মোতাবেক</td></tr>
<tr><td>সুদ ভর্তুকি সমাপ্তির তারিখ</td><td colspan="2">☐ঋণের মেয়াদ পূর্তি পর্যন্ত</td><td>☑পিআরএল সমাপ্তির তারিখ : ২৮/০২/২০৫১</td></tr>
</table>

তবে শর্ত থাকে যে,

(ক) অর্থ বিভাগের সম্মতির পর বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর পূর্ব সম্মতি ব্যতিত এই তফসিল পরিবর্তন করা যাবেনা।

(খ) চূড়ান্ত তফসিল মোতাবেক যে মাস হতে ঋণের কিস্তি পরিশোধ আরম্ভ হবে, তার পূর্ববর্তী মাসের বেতন বিলের সাথে তাঁর অনুকূলে প্রদেয় সুদ ভর্তুকির টাকা প্রদান আরম্ভ হবে।

(গ) নীতি মালার ৪ (গ) অনুচ্ছেদ অনুসারে প্রস্তাবিত ঋণ গ্রহীতার নামীয় ব্যাংক হিসাব নম্বর এর মাধ্যমে ঋণ বিতরণ ও ঋণের মাসিক কিস্তির টাকা আদায়সহ তাঁর বেতন/ভাতা/পেনশন সংক্রান্ত সমুদয় কার্যক্রম পরিচালিত হবে।

(ঘ) প্রস্তাবিত ঋণ গ্রহীতাকে এই মর্মে ব্যাংকের নির্ধারিত ফরমে ক্ষমতা প্রদান করতে হবে যে, "তাঁর ব্যাংক হিসাবে জমাকৃত মাসিক বেতন থেকে তফসিলে বর্ণিত ঋণের কিস্তির (আসল+সুদ) সমপরিমাণ টাকা কিস্তি হিসাবে কর্তনের পর অবশিষ্ট অর্থ তিনি উত্তোলন করবেন"।

E:\Wahar\Wahar\All Loan\Loan - 4%\Forwarding - Copy.doc

চলমান পাতা-০২

রেজিস্ট্রার দপ্তর
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ
ফোন ঃ (৮৮০-২) ৯৫৩৪২৫৫
ফ্যাক্স ঃ (৮৮০-২) ৪৭১১১৮৪৪৯

(ঙ) ঋণ গ্রহীতা ঋণের মেয়াদ পূর্তির তারিখ অথবা অবসর গ্রহণের ক্ষেত্রে পিআরএল সমাপ্তির তারিখ এর মধ্যে যেটি আগে সেই পর্যন্ত সরকার প্রদত্ত সুদ বাবদ ভর্তুকি সুবিধা প্রাপ্য হবেন। অবসর গ্রহণের পর ঋণের কিস্তি অপরিশোধিত থাকলে সুদের হার অপরিবর্তিত রেখে প্রতিষ্ঠান গ্রাহক সম্পর্কের ভিত্তিতে অবশিষ্ট ঋণ পুনঃ তফশিলীকরণ (Re-schedule) করে নিতে পারবেন।

(চ) ঋণ গ্রহীতা লিয়েনে গমন করলে কিংবা স্বেচ্ছায় অবসরে গমন/চাকুরি ত্যাগ করলে অথবা সরকার কর্তৃক তাঁকে সাময়িক বরখাস্ত/চাকুরি হতে বরখাস্ত/বাধ্যতামূলক অবসর প্রদান/চাকুরিচ্যুত করা হলে তিনি বিষয়টি অনতি বিলম্বে বাস্তবায়ন কারী প্রতিষ্ঠান এবং অর্থ বিভাগকে অবহিত করবেন।

(ছ) ঋণ গ্রহীতা লিয়েনে গমন করলে কিংবা স্বেচ্ছায় অবসরে গমন/চাকুরি ত্যাগ করলে অথবা সরকার কর্তৃক তাঁকে সাময়িক বরখাস্ত/চাকুরি হতে বরখাস্ত/বাধ্যতামূলক অবসর প্রদান/চাকুরিচ্যুত করা হলে আদেশ জারির তারিখ হতে ঋণের অবশিষ্ট মেয়াদের জন্য সুদ বাবদ প্রদত্ত ভর্তুকি সুবিধা প্রত্যাহার করা হবে।

(জ) কোন কারণ বশতঃ Pay Point পরিবর্তন হলে ঋণ গ্রহীতা অনিতবিলম্বে বিষয়টি বাস্তবায়নকারী প্রতিষ্ঠান ও অর্থ বিভাগকে অবহিত করবেন এবং এ পরিবর্তন জনিত কারণে কিস্তি প্রদানে জটিলতা দেখা দিলে তা নিরসনে উদ্যোগী হবেন।

(ঝ) ঋণ গ্রহীতার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু এবং দুর্নীতির মামলার ক্ষেত্রে চার্জশীট দাখিল হলে সাথে সাথে বিষয়টি অর্থ বিভাগকে এবং সংশ্লিষ্ট বাস্তবায়ন কারী প্রতিষ্ঠানকে অবহিত করবেন।

(ঞ) এই মঞ্জুরীপত্রে কোন অস্পষ্টতা বা কোন অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ২৬-১২-২০১৯ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.২০৬.৯৯.০০৭.১৯-৫৩২ নম্বর পরিপত্রের বিধানবলী পরিপালন যোগ্য হবে।

(ট) পরবর্তীতে কোনরূপ অসম্পূর্ণ অথবা অসত্য কিংবা নীতিমালার সাথে অসংগতিপূর্ণ কোন তথ্য পরিলক্ষিত হলে এই আদেশ যেকোন সময় বাতিল করার ক্ষমতা অর্থ বিভাগ সংরক্ষণ করবে।

(ঠ) এ মঞ্জুরী আদেশের মেয়াদ আদেশ জারির তারিখ হতে সর্বোচ্চ ৯০ (নব্বই) দিন বলবৎ থাকবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

১২/১/২৩

(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)
রেজিস্ট্রার
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

জবি/প্রশা-১(৬০৩)/২০১৫/ ২০২

তারিখঃ ১২ জানুয়ারি, ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) ঃ

১। পরিচালক (অর্থ ও হিসাব) অর্থ ও হিসাব দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২। পরিচালক, আইসিটি সেল, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩। পিএস টু ভিসি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
৪। উপ-পরিচালক (অডিট) ট্রেজারার দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫। সহকারী মহাব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিমিটেড, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা, ঢাকা (ট্রেজারার মহোদয়ের অবগতির জন্য)।
৬। অফিস নথি।

12.01.23

(অপূর্ব কুমার সাহা)
ডেপুটি রেজিস্ট্রার
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।